

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৮৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সাহাবীগণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপস্থিতিতে মাগরিবের আগে দুই রাকাত সালাত আদায় করতেন, কিন্তু তিনি কোন প্রতিবাদ করেননি

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ أَصِيْحَابَ رَسُولِ اللَّهِ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانُوا يُصِلُّونَ الرَّكْعَتَيْنِ قَبْلَ

## আরবী

1587 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّتَنَا شُعْبَةُ قَالَ: سَمِعْتُ عَمْرَو بْنَ عَامِرٍ قَالَ سَمِعْتُ أَنسَ بْنَ مَالِكٍ قَالَ: إِنْ كَانَ الْمُؤذِّنُ إِذَا أَذَّنَ قَامَ نَاسٌ مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَيَبْتَدرُونَ السَّوَارِيَ حَتَّى يَخْرُجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُمْ كَذَلِكَ يُصَلُّونَ الرَّكْعَتَيْنِ قَبْلُ الْمَغْرِبِ وَلَمْ يَكُنْ بَيْنَ الْأَذَانِ وَالْإِقَامَةِ شَيْءٌ.

الراوي: أنس بن مَالِكِ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1587 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (234).

## বাংলা

১৫৮৭. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "যখন মুয়ায্যিন আযান দিতো, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কিছু সাহাবী দাঁড়িয়ে যেতেন, তাঁরা দ্রুত খুঁটির দিকে অগ্রসর হতেন এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হুজরা থেকে বের না পর্যন্ত তারা মাগরিবের আগে দুই রাকা'আত সালাত আদায় করতেন। অথচ আযান ও ইকামতের মাঝে সময় খুবই কম ছিল।"[1]

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৬২৫; সহীহ ইবনু খুযাইমাহ: ১২৮৮; মুসনাদ আহমাদ: ৩/২৮০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৯৮৬; সহীহ মুসলিম: ৮৩৭; সুনান বাইহাকী: ২/৪৭৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৮৯৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩৫৬; আবূ আওয়ানা: ২/৩১; আবূ দাউদ: ১২৮৩।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৩৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন